# পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫৪০ তম সভার কার্যবিবরণী

গত ১৬-১৮ জুন ২০২৬ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির আহবায়ক ও পরিবেশ অধিদপ্তরের পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) জনাব মাসুদ ইকবাল মোঃ শামীম-এর সভাপতিত্বে অধিদপ্তরের সভাকক্ষে পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫৪০ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচি অনুযায়ী কমিটির সদস্যসচিব পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তর, বিভিন্ন বিভাগীয়/অঞ্চল, মহানগর ও জেলা কার্যালয় হতে প্রাপ্ত লাল ও প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পসমূহের ছাড়পত্র বিষয়ক প্রস্তাবনা/ নথিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। প্রত্যেকটি বিষয়ে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

## (ক) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **MV. DONG (IMO NO. 9085065); সাগরিকা শিপ ব্রেকিং ইন্ডাস্ট্রি, চৌধুরীঘাটা, সোনাইছড়ি, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র ২৩৭২ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. DONG (IMO NO. 9085065)** স্ক্র্যাপ জাহাজ **সাগরিকা শিপ ব্রেকিং ইন্ডাস্ট্রি** নামক শিপ ব্রেকিং ইয়ার্ডে ভাঙ্গার জন্য প্রযোজ্য হবে।

(খ) Environmental Survey Form এ উল্লিখিত বিপদজ্জনক বর্জ্যের জন্য Chemical Safety Data Sheet সরবরাহ করতে হবে।

(গ) জাহাজ ভাঙ্গার কার্যক্রম শুরুর পূর্বে সকল প্রকার তরল পদার্থ অপসারণপূর্বক জাহাজটি পরিষ্কার করতে হবে। এ প্রক্রিয়া পুরো জাহাজ ভাঙ্গা কার্যক্রম প্রক্রিয়ায় অব্যহত থাকবে।

(ঘ) আলোচ্য জাহাজের জন্য বিপজ্জনক পদার্থের প্রণীত তালিকা (IHM) জাহাজের ভিতরে বিপজ্জনক পদার্থ নিরূপণে সক্ষম বিশেষজ্ঞের মাধ্যমে বা সেফটি এজেন্সি কর্তৃক Visual Sampling Check Plan (VSCP) এর মাধ্যমে IHM এর সঠিকতা নিশ্চিত করতে হবে।

(ঙ) জাহাজের বিলজ ওয়াটার Oil-Water Separator এর মাধ্যমে তেল পৃথক করতে হবে এবং সেপারেটর হতে নির্গত তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনর্পূবক পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত মানমাত্রার নিশ্চিত হওয়া সাপেক্ষে সমুদ্রে নির্গমন করা যাবে।

(চ) জাহাজের পয়োবর্জ্য STP এর মাধ্যমে পরিশোধন করতে হবে।

(ছ) জাহাজ কাটার পূর্বে জাহাজের রং অপসারণ করতে হবে। সমুদ্রের পানিতে কিংবা সৈকতে পেইন্ট চিপস অপসারণ করা যাবে না।

(জ) জাহাজের বিপজ্জনক বা সাধারণ বর্জ্য দিয়ে সামুদ্রিক বা সমুদ্র সৈকতের পরিবেশ দূষণ করা যাবে না।

(ঝ) জাহাজ ভাঙ্গা প্রক্রিয়ায় সৃষ্ট বর্জ্য হ্যান্ডলিং, স্টোরেজ ও পরিত্যাজনের ক্ষেত্রে Best Management Practice অনুসরণ করতে হবে। সকল বিপজ্জনক বর্জ্য সংরক্ষণাগারের দরজায় উক্ত পদার্থের MSDS লাগিয়ে রাখতে হবে।

(ঞ) সকল প্লাস্টিক বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী পুনঃচক্রায়নকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করতে হবে।

(ট) ভারী ধাতুযুক্ত জিনিসপত্র, চিকিৎসা বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠানের নিকট পরিত্যাজনের জন্য হস্তান্তর করতে হবে।

(ঠ) Intertidal Zone-এ শুধু প্রাইমারি কাটিং সম্পন্ন করা যাবে। এ সময় তেলযুক্ত বা অন্য কোনো বিপজ্জনক পদার্থযুক্ত জাহাজের টুকরা সমুদ্র সৈকতে ফেলা যাবে না। এগুলো জাহাজের অভ্যন্তরে বা কোনো বার্জে ফেলতে হবে। পরবর্তীতে ক্রেনের সাহায্যে এগুলোকে অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে পরিবহন করে আনতে হবে। প্রাইমারি কাটিং-এর সময় জাহাজে যাতে সমুদ্রের পানি প্রবেশ না করতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ড) সেকেন্ডারি এবং টারশিয়ারি কাটিং কার্যক্রম অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে সম্পন্ন করতে হবে। কাটিং ফ্লোরের চারিপাশে বাঁধ দিতে হবে। উক্ত ফ্লোরে সৃষ্ট তরল বর্জ্য এবং runoff water ড্রেনের মাধ্যমে তরল বর্জ্য পরিশোধনাগারে (ইটিপি) প্রেরণ করে পরিশোধন করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত নির্ধারিত মানমাত্রা নিশ্চিত হওয়া সাপেক্ষে পরিবেশে নির্গমণ করা যাবে।

(ঢ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিপ রিসাইক্লিং প্ল্যান প্রতিপালন করতে হবে।

(ণ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক শিপ কাটিংএর অনুমতি ব্যতীত জাহাজ কাটার কার্যক্রম শুরু করা যাবে না।

(ত) তৈলযুক্ত বর্জ্য সংগ্রহপূর্বক নির্ধারিত সংরক্ষণাগারে সংরক্ষণ করতে হবে এবং ইনসিনারেটরে পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

(থ) বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর ৫ নং বিধি অনুসারে বিপজ্জনক বর্জ্যের তথ্য সংরক্ষণ ও যথাযথ সতর্কতার সাথে বিপজ্জনক বর্জ্য বা পদার্থ সংরক্ষণ করতে হবে যাতে কোনো দুর্ঘটনা না ঘটে এবং উক্ত বিধির তফসিল-৯ অনুযায়ী জাহাজের বিপজ্জনক পদার্থের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(দ) জাহাজের সামগ্রীক কার্যক্রম এবং বিশেষভাবে safe-for-entry এবং safe-for-hot work এর জন্য একটি কার্যকর নিরাপত্তা ব্যবস্থাপনা কাঠামো, industrial safety response এবং জরুরি অবস্থা মোকাবেলা করার প্রস্তুতি ও পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়ন করতে হবে।

(ধ) এসআরপি'র ভিত্তিতে বিপজ্জনক জোন বিশেষত বিপজ্জনক পদার্থ যেমন ফুয়েল ট্যাংক ইত্যাদি যে সব স্থানে আছে সে সকল জোন এবং প্রবেশ নিষিদ্ধ জোন পরিষ্কারভাবে চিহ্নিতকরণ, বিপদসংকেত প্রদর্শন এবং শ্রমিকদের এসব বিষয়ে সচেতন করতে হবে।

(ন) জাহাজের উঁচু স্থানে কাজ করার জন্য ফল প্রিভেনশন যন্ত্রপাতি সংগ্রহপূর্বক তা ব্যবহার করতে হবে।

(প) বদ্ধ জায়গায় কাজ করার সময় পর্যাপ্ত আলো (৩০০ লাক্স বা ততোধিক), গ্যাস মনিটরিং ($O_2$, CO, $H_2S$, Lower Explosive Limit Concentrations etc.), অগ্নিনিরোধক, ফাস্ট এইড এবং পর্যাপ্ত বায়ু চালাচলের ব্যবস্থা করতে হবে।

(ফ) এন্টি ফাউলিং পেইন্ট সংগ্রহপূর্বক এয়ারটাইট কন্টেইনারে এবং অন্যান্য পেইন্ট চিপস নির্ধারিত স্থানে সংরক্ষণ করতে হবে এবং উচ্চ তাপমাত্রার ইনসিনারেটরে (১২০০ ডিগ্রি সেন্টিগ্রেড) পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

(ব) জাহাজ ভাঙ্গা ইয়ার্ডে বা স্ক্র্যাপ জাহাজে কোনো দুর্ঘটনা সংঘটিত হলে ৪৮ ঘন্টার মধ্যে ও বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ -এর তফসিল ৭ অনুসারে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তরকে অবহিত করতে হবে।

(ভ) জাহাজ ভাঙ্গা কার্যক্রমের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের (মাস্টাররোলসহ) সম্ভাব্য দুর্ঘটনা প্রতিরোধ এবং দুর্ঘটনা সম্পর্কে পর্যাপ্ত প্রশিক্ষণ দিতে হবে। প্রশিক্ষণপ্রাপ্ত শ্রমিকদের প্রশিক্ষণ কাজে রিট পিটিশন ৭২৬০/২০০৮ এর আদেশ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

(ম) স্ক্র্যাপ জাহাজ ভাঙ্গার ফলে সৃষ্ট জরুরী অবস্থা মোকাবেলার জন্য বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১-এর তফসিল ১২ অনুসারে বিস্তারিত পরিকল্পনা জাহাজ ভাঙ্গা শুরুর পূর্বে প্রস্তুত করে এক প্রস্থ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর বরাবরে দাখিল করতে হবে এবং জাহাজ ভাঙ্গার স্থলে সংরক্ষণ করতে হবে।

(য) জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে সম্ভাব্য দুর্ঘটনার প্রকৃতি দুর্ঘটনার সময় ও দুর্ঘটনার পরবর্তী করণীয় ও অকরণীয় সম্পর্কে স্থানীয় জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে ব্যাপক প্রচার কার্য পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

(র) প্রত্যেক জাহাজে বিদ্যমান বিপজ্জনক পদার্থ বা বর্জ্যের সর্বশেষ অংশ চূড়ান্তরূপে পরিত্যাজন করার পর ০৩ (তিন) বছর পর্যন্ত এই বিধিতে উল্লেখিত রেকর্ড পত্র সংরক্ষণ করতে হবে।

(ল) মাত্রা বহির্ভূত বর্জ্য তেল বিপজ্জনক বর্জ্য পোড়ানোর চুল্লীতে পুড়িয়ে নিষ্পন্ন করা ব্যতীত অন্য কারো নিকট প্রদান বা বিক্রয় বা হস্তান্তর করা যাবে না। উক্ত বর্জ্য তেল সৃষ্টিকারীর অথবা পরিবেশগত ছাড়পত্রধারী বিপজ্জনক বর্জ্য পোড়ানোর ইনসিনারেটর মালিক বা দখলদারের দখলে ছাড়া অন্য কারো দখলে রাখা যাবে না।

(শ) দুর্ঘটনাজনিত কারণে শ্রমিক বা কর্মচারীদের ক্ষতিপূরণের বিষয়টি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুসারে এবং পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থার ক্ষয়ক্ষতি নির্ধারণ ও ক্ষতিপূরণ আদায় বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ অনুসারে নিষ্পন্ন করতে হবে।

(ষ) জাহাজ কাটার পূর্বে পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল কার্যালয়কে অবহিত করতে হবে।

(স) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **MV. KANISHKA (IMO NO. 9164641); যমুনা শিপ ব্রেকার্স, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১০৮০ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. KANISHKA (IMO NO. 9164641)** স্ক্র্যাপ জাহাজটি **যমুনা শিপ ব্রেকার্স** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৩. **MV. KOKOPO CHIEF (IMO NO. 8907412); পি এইচ পি শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৫৮৯৯.৪০ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. KOKOPO CHIEF (IMO NO. 8907412)**স্ক্র্যাপ জাহাজটি **পি এইচ পি**

**শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৪. **MT. K.P.P.01 (IMO NO. 9021203); জেড এইচ স্টিল লিমিটেড, উত্তর সোনাইছড়ি, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১৩৫২.৬০ মেট্রিক টন ভরবিশিষ্ট **MT. K.P.P.01 (IMO NO. 9021203)**স্ক্র্যাপ জাহাজটি **জেড এইচ স্টিল লিমিটেড** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৫. **MV. J YANG (IMO NO. 9125877); মাস্টার স্টিল এন্ড অক্সিজেন লিমিটেড, উত্তর সোনাইছড়ি, বাঁশবাড়িয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৪১৯২.৪০ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. J YANG (IMO NO. 9125877)** স্ক্র্যাপ জাহাজটি **মাস্টার স্টিল এন্ড অক্সিজেন লিমিটেড** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৬. **MV. HUN (IMO NO. 9145671); ফেরদৌস স্টিল শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ, ভাটিয়ারি, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৭৮২২ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. HUN (IMO NO. 9145671)** স্ক্র্যাপ জাহাজটি **ফেরদৌস স্টিল শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৭. **MV. FRONTIER (IMO NO. 8701648); ম্যাক কর্পোরেশন, উত্তর সোনাইছড়ি, বাঁশবাড়িয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৪২৪০.৭৮৫ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. FRONTIER (IMO NO. 8701648)** স্ক্র্যাপ জাহাজটি **ম্যাক কর্পোরেশন** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৮. **MV. ORIENTAL DRAGON (IMO NO. 9085091); এস. এইচ.এন্টারপ্রাইজ, জাহানাবাদ, কদমরসুল, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৮১৩.৩৮ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. ORIENTAL DRAGON (IMO NO. 9085091)** স্ক্র্যাপ জাহাজটি **এস. এইচ.এন্টারপ্রাইজ** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৯. **MV. SPEED (IMO NO. 9145035); জিরি সুবেদার শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ, দক্ষিণ সোনাইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৪২৪০.৭৮৫ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. SPEED (IMO NO. 9145035)** স্ক্র্যাপ জাহাজটি **জিরি সুবেদার শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১০. **MV. ENERGIA C (IMO NO. 9233557); পি এইচ পি শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১৯,৮৯৯ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. ENERGIA C (IMO NO. 9233557)** স্ক্র্যাপ জাহাজটি **পি এইচ পি শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১১. **MV. HUN 1 (IMO NO. 8806412); ফেরদৌস স্টিল শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ, ভাটিয়ারি, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন

এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৪৯৯৭ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. HUN 1 (IMO NO. 8806412)** স্ক্র্যাপ জাহাজটি **ম্যাক কর্পোরেশন** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১২. **MV. GION MARU NO. 8 (IMO NO. 9046825); কিং স্টিলস, উত্তর সলিমপুর, জাফরাবাদ, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৪৮৪.৭৫ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. GION MARU NO. 8 (IMO NO. 9046825)** স্ক্র্যাপ জাহাজটি **কিং স্টিলস** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৩. **MV. ACE 1 (IMO NO. 9146716); মেহেরীন শিপ রিসাইক্লিং, ঘোড়ামারা, জোড়ামতল, কুমিরা, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৫৭৫৭ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. ACE 1 (IMO NO. 9146716)** স্ক্র্যাপ জাহাজটি **মেহেরীন শিপ রিসাইক্লিং** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৪. **MV. AMAZING (IMO NO. 9162942); এস. এইচ.এন্টারপ্রাইজ, জাহানাবাদ, কদমরসুল, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৬৯৬৩ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. AMAZING (IMO NO. 9162942)** স্ক্র্যাপ জাহাজটি **এস. এইচ.এন্টারপ্রাইজ** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৫. **MV. WANTONG SUMMER (IMO NO. 9117313); এন বি স্টিল, উত্তর সলিমপুর,সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৮১৯৬ মেট্রিক টন ভরবিশিষ্ট **MV. WANTONG SUMMER (IMO NO. 9117313)** স্ক্র্যাপ জাহাজটি **এন বি স্টিল** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/১-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

## (খ) ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (বিওএফ), ত্রিশাল, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিস্ফোরক প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

## (গ) অবস্থানগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **Expansion of Matuail Sanitary Landfill Including Land Development Project by Dhaka South City Corporation** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বর্জ্য ব্যবস্থাপনা ও ভূমি উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে উপযুক্ত শর্ত আরোপ করে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

২. **Bangladesh Emergency Assistance Project, EAP (LGED Part)** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্কুল কাম মাল্টিপারপাস সাইক্লোন সেন্টার, বহুতল ভবন, ৫ কিলোমিটার দৈর্ঘ্য বিশিষ্ট রাস্তা নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায়

বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে উপযুক্ত শর্ত আরোপ করে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৩. **Haor Area Resilience and Development (HARD) Project (BWDB Part)** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাওর এলাকার বন্যা ব্যাবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে উপযুক্ত শর্ত আরোপ করে ইআইএ প্রতিবেদন অনুমোদনসহ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

## (ঘ) ইটিপি/ এসটিপি/ সিইটিপি নির্মাণ অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **সিলভার কম্পোজিট টেক্সটাইল মিলস লিমিটেড; তালতলী, মির্জাপুর, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: উইভিং, স্পিনিং, ডাইং, প্রিন্টিং, ওয়াশিং এবং ফিনিশিং এবং গার্মেন্টস প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে এসটিপি'র নির্মাণ অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার ৫০০০ জনবলের পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য ১০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন এসটিপি নির্মাণ করতে হবে।

(খ) শর্ত (ক) এ উল্লিখিত এসটিপি'র পরিশোধনের ধাপসমূহ হবে:

a. Septic Tank;
b. Manual Screen (Number of screen: 02, Mesh Size: 10mm & 2mm, Dimension: 1.8m x 1.2m x 1.8m);
c. Oil & Grease Trap (Tank Dimension: 4.6m x 1.2m x 2.1m);
d. Collection & Storage Tank (Tank Dimension: 8.2m x 3.72m x 2.8m);
e. Biological Oxidation Tank (Type: ASP; BOD5: 280 mg/l; design MLSS: 2500 mg/l; Tank Dimension: 8.2m x 5.46m x 4.58m; RAS% : 100%);
f. Secondary Clarifier (Type: Plain Clarifier, Tank Dimension: 5.0m x 3.92m x 2.5m);
g. Filter Feed Tank;
h. Multigrade Sand Filter;
i. Activated Carbon Filter;
j. Disinfection Tank (Tank Dimension: 1.51m x 2.9m x 1.15m);

(গ) Sound Engineering Practice অনুসরণ করে এসটিপি নির্মাণ করতে হবে।

(ঘ) এসটিপি'র ইনলেট ও আউটলেটে Flow meter স্থাপন করতে হবে।

(ঙ) Biological Oxidation Tank ও Secondary Clarifier সম্পূর্ণ উন্মুক্ত অবস্থায় রেখে নির্মাণ করতে হবে, কোন অবস্থাতেই বদ্ধ অবস্থায় রাখা যাবে না।

(চ) এসটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।

(ছ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

## (ঙ) সুপারিশকৃত শিল্প/প্রকল্পসমূহ: জিরো ডিসচার্জ প্লান

১. **সিলভার কম্পোজিট টেক্সটাইল মিলস লিমিটেড, তালতলী, মির্জাপুর, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: উইভিং, স্পিনিং, ডাইং, প্রিন্টিং, ওয়াশিং, ফিনিশিং এবং গার্মেন্টস প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রতিষ্ঠানটির অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে:

- ১ম বৎসর: ০৫% পরিশোধিত তরল বর্জ্য গার্ডেনিং, রোড ওয়াটারিং, কার ওয়াশিং, ফ্লোর ওয়াশিং, ড্রেন ওয়াশিং ও ফিল্টার ব্যাক ওয়াশিং এ ব্যবহার।

- ২য় বৎসর: ১৫% পরিশোধিত তরল বর্জ্য স্ক্রিন ওয়াশিং এ ব্যবহার।
- ৩য় বৎসর: ৮০% পরিশোধিত তরল বর্জ্য উৎপাদন প্রক্রিয়া, ডোমেস্টিক ডরমিটরি ও টয়লেট ফ্ল্যাশিং এ ব্যবহার।

(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

## (চ) অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র নবায়ন অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **হাতিরঝিল-রামপুরা সেতু-বনশ্রী-শেখেরজায়গা-আমুলিয়া-ডেমরা মহাসড়ক (চিটাগাং রোড মোড় এবং তারাবো লিংক মহাসড়কসহ) চারলেনে উন্নীতকরণের জন্য সহায়ক প্রকল্প** (শিল্প/প্রকল্প কার্যক্রম: উড়াল সড়ক নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে গত ০৯/০২/২০২০ তারিখের DoE/Clearance/5764/2017/40 সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তসমূহ অপরিবর্তিত রেখে পরবর্তী মেয়াদের জন্য পরিবেশগত ছাড়পত্র নবায়নের সুপারিশ গৃহীত হয়।

২. **Climate Resilient Infrastructure Mainstreaming (CRIM) Project by LGED** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রোড, ড্রেন, ব্রিজ/কালভার্ট, পানি সরবরাহ, স্যানিটেশন, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, আশ্রয়কেন্দ্র নির্মাণ ও মেরামত) উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে গত ১৩/০১/২০২১ তারিখের 22.02.0000.018.72.004.21.13 সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তসমূহ অপরিবর্তিত রেখে পরবর্তী মেয়াদের জন্য পরিবেশগত ছাড়পত্র নবায়নের সুপারিশ গৃহীত হয়।

৩. **Rural Connectivity Improvement Project (RCIP) by LGED** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রামীণ রাস্তা উন্নয়ন ও মেরামত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে গত ২৭/০৫/২০১৮ তারিখের 22.02.0000.018.72.68.18.341 সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তসমূহ অপরিবর্তিত রেখে পরবর্তী মেয়াদের জন্য পরিবেশগত ছাড়পত্র নবায়নের সুপারিশ গৃহীত হয়।

## (ছ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: পরিবেশগত ছাড়পত্র

১. **Urban Primary Health Care Services Delivery Project-2** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিভিন্ন স্থানে নগর মাতৃসদন ও নগর মাতৃস্বাস্থ্য কেন্দ্র নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন, আইইই রিপোর্ট ও অন্যান্য কাগজপত্র ও সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে, আলোচ্য প্রকল্পের বিষয়ে পরিবেশ অধিদপ্তরের কুমিল্লা, ফরিদপুর, গাইবান্ধা, গাজীপুর, কুড়িগ্রাম, ময়মনসিংহ, নারায়ণগঞ্জ ও শরীয়তপুর জেলা কার্যালয় কর্তৃক সরজমিন পরিদর্শন প্রতিবেদন ও চেকলিস্ট দাখিলের সুপারিশ গৃহীত হয়।

## (জ) সুপারিশবিহীন ইআইএ-র কার্যপরিধি (ToR)

১. **সিলেট নতুন সেনানিবাস এর নীচু এলাকায় বালি ভরাট ও ভূমি উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ভূমি উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-এর কার্যপরিধি ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ-এর কার্যপরিধি পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী প্রণীত না হওয়ায় সংশোধিত ইআইএ-এর কার্যপরিধি দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

২. **ইস্টার্ন ডিপো সার্ভিসেস লিমিটেড, নতুন/২০৮/১, বারুনী ঘাট, উত্তর হালিশহর, পোর্ট লিংক রোড, চট্টগ্রাম-৪২২৬** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কনটেইনার ডিপো): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-এর কার্যপরিধি ও অন্যান্য কাগজপত্র পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ইআইএ টিমে আলোচ্য প্রকল্পের কার্যক্রম সংশ্লিষ্ট কারিগরী ব্যক্তি না থাকায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে চট্টগ্রাম মহানগর কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৩. **Accelerating Transport and Trade Connectivity in Eastern South Asia (ACCESS) - Bangladesh Phase: 1 (BLPA Component)** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ভূমি উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-এর কার্যপরিধি ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ-এর কার্যপরিধি পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী প্রণীত না হওয়ায় অনলাইনে অবস্থানগত ছাড়পত্রের জন্য আবেদন এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল ১০ অনুযায়ী ইআইএ এর কার্যপরিধি (ToR) দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

## (ঝ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: ইআইএ অনুমোদন

১. **Bangladesh Sustainable Recovery, Emergency Preparedness and Response Project (B-STRONG) (BWDB Part) by Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নোয়াখালী, কুমিল্লা, ফেনী, ব্রাহ্মণবাড়িয়া এবং লক্ষ্মীপুর জেলার কৃষি উৎপাদন সুরক্ষার স্বার্থে বন্যায় ক্ষতিগ্রস্ত বাঁধ, নিষ্কাশন রেগুলেটর, ফ্লাশিং স্লুইচ এবং নিষ্কাশন খাল মেরামত/পুন:খনন/পুন:নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

২. **Inclusive and Integrated Sanitation and Hygiene Project in 10 Priority Town in Bangladesh (GOB-IDB) (লক্ষ্মীপুর)** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পৌর বর্জ্য ব্যবস্থপনা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৩. **Inclusive and Integrated Sanitation and Hygiene Project in 10 Priority Town in Bangladesh (GOB-IDB) (পাবনা)** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পৌর বর্জ্য ব্যবস্থপনা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৪. **Environmental Impact Assessment of Twenty-Three Silica Sand Quarries in the Habiganj District** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সিলিকা বালু উত্তোলন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৫. **Environmental Impact Assessment of Fifty-Two Silica Sand Quarries in the Moulvibazar District** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সিলিকা বালু উত্তোলন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৬. **Construction of Temporary Solid Waste Management Facility (TSWMF) for Teknaf Campus in Camp 26; Cox's Bazar** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ল্যান্ডফিল সাইট নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৭. **মাথাভাঙ্গা বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন প্রকল্প; খুলনা সিটি কর্পোরেশন, মাথাভাঙ্গা, লবণচরা, খুলনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়ন ও বর্জ্য হতে জৈব সার লিকুইড বার্নিং অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

**(ঞ) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহ: এপিসি/ ইটিপি/ এসটিপি-এর ডিজাইন অনুমোদন**

১. **ড্রাগ ইন্টারন্যাশনাল বাংলাদেশ লিমিটেড; ৯৮, ৯৯, ১০০, ১০৩-১০৬ কাঠালিয়া, টঙ্গী শিল্প এলাকা, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ইউনানী ওষুধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি এর ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচান্তে, নিম্নবর্ণিত অসংগতি/ত্রুটি/অসম্পূর্ণতা থাকায় এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন অনুমোদন সংক্রান্ত আবেদনটি নামঞ্জুর করার সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে গাজীপর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।
(ক) Oil & Grease Trap এর Design ত্রুটিপূর্ণ;
(খ) Equalization Tank এর Air Requirement Calculation ত্রুটিপূর্ণ;
(গ) MBBR Tank এর Air Requirement Calculation ত্রুটিপূর্ণ;
(ঘ) Clarifier এর গভীরতা প্রয়োজনের তুলনায় অপর্যাপ্ত;
(ঙ) MGF, ACF এর Design এ Flow Rate উল্লেখ করা হয় নি;
(চ) ড্রইং, ডিজাইন এ সংশ্লিষ্ট প্রকৌশলীর স্বাক্ষর নেই।

**নোট:**

১. সুপারিশকৃত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী উদ্যোক্তা কর্তৃক প্রযোজ্য ছাড়পত্র/ছাড়পত্র নবায়ন ফি ও ভ্যাট প্রদান নিশ্চিতপূর্বক সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে ছাড়পত্র বা ছাড়পত্র নবায়ন ইস্যু করতে হবে।

২. পরিবেশ অধিদপ্তরের অঞ্চল/বিভাগ/মহানগর ও জেলা কার্যালয়ের কর্মকর্তাগণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটিতে নথি প্রেরণের পূর্বে উদ্যোক্তা কর্তৃক অনলাইনে আবেদনকৃত নথিতে পরিদর্শন প্রতিবেদন, ট্রেজারি চালান ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করা হয়েছে কি না তা নিশ্চিতপূর্বক অনলাইনের আবেদন অগ্রায়ন করতে হবে।

**মিয়া মাহমুদুল হক**
উপপরিচালক
(পরিবেশগত ছাড়পত্র) ও
**সদস্যসচিব**

**মোঃ ফেরদৌস আনোয়ার**
পরিচালক
(ঢাকা অঞ্চল) ও
**সদস্য**

**একেএম রফিকুল ইসলাম**
পরিচালক
(প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও গবেষণা) ও
**সদস্য**

**ফরিদ আহমেদ**
পরিচালক
(ঢাকা মহানগর) ও
**সদস্য**

**রাজিনারা বেগম**
পরিচালক
(বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা) ও
**সদস্য**

**মুহাম্মদ সোলায়মান হায়দার**
পরিচালক
(ঢাকা গবেষণাগার)
ও
**সদস্য**

**মোঃ জিয়াউল হক**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ও
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
(অতিরিক্ত দায়িত্ব)
**সদস্য**

**মাসুদ ইকবাল মোঃ শামীম**
পরিচালক
(পরিবেশগত ছাড়পত্র)
ও
**আহবায়ক**